# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

## এইচএসসি পরীক্ষা-২০২৬ এর ফরমপূরণের বিজ্ঞপ্তি

**স্মারক নং :** পনি/উমা/ বিজ্ঞপ্তি-১৫/১৪১ **তারিখ :** ২৪-০২-২০২৬ খ্রি.

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর অধীন সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার আবেদন ফরমপূরণের বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত নীতিমালা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করতে আদেশক্রমে অনুরোধ করা হলো।

২। (ক) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী ও নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীগণ আবেদন ফরমপূরণ করতে পারবে। কোন পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

(খ) কোন পরীক্ষার্থী তার নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণ কিংবা শারীরিক অসুস্থতার জন্য নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে কিংবা নির্বাচনি পরীক্ষায় অনুত্তীর্ণ হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর অভিভাবকের লিখিত আবেদন ও পরীক্ষার্থীর প্রাক নির্বাচনি পরীক্ষার সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে পরীক্ষার ফরমপূরণ করতে পারবে। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শারীরিকভাবে অক্ষম বা সেরিব্রালপালসি বা বিশেষভাবে সক্ষম পরীক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য।

(গ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরীক্ষার্থীদের এইচএসসি পরীক্ষায় অধিকতর সফলতার জন্য প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক বিষয়ভিত্তিক প্রস্তুতিমূলক পরীক্ষা গ্রহণ করতে পারে কিন্তু এই পরীক্ষা পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক নয় এবং এর জন্য অতিরিক্ত ফি ধার্য বা আদায় করা যাবে না।

৩। পরীক্ষার্থীদের পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ মোট অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে এবং সোনালী সেবার রশিদ শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৪। এইচএসসি পরীক্ষা-২০২৬ শুরুর তারিখ পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

৫। ইলেক্ট্রনিক ফরম ফিলাপ (**EFF**) এর কার্যক্রম ও পরীক্ষার ফি এর হার নিম্নে প্রদত্ত হলো :

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| **ক** | রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত (রিটেইন্ড) পরীক্ষার্থীদের তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনপত্র দাখিলের শেষ তারিখ : | **২৬-০২-২০২৬** |
| **খ** | জিপিএ উন্নয়ন এবং এক/দুই বিষয়ের পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কলেজে অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ :<br>**নোট :** যে সকল পরীক্ষার্থী ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে শুধুমাত্র তারাই জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০২৪ সালে আংশিক বিষয়ে ফরমপূরণ করে উত্তীর্ণ পরীক্ষার্থীরা এ সুযোগ পাবে না। উল্লেখ্য যে, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শারীরিকভাবে অক্ষম বা সেরিব্রালপালসি বা বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য। | ২৬-০২-২০২৬ |
| **গ** | নির্বচানি পরীক্ষা গ্রহণ শেষে ফল প্রকাশের শেষ তারিখ : | পূর্বেই বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে |
| **ঘ** | রেজিস্ট্রেশন নবায়নের শেষ তারিখ :<br>নোট : ২০২০-২০২১ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং ২০২৫ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশন নবায়ন করে শুধু ২০২৫ সালে ঐ এক বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ৩০০/ (তিনশত টাকা)। **এক্ষেত্রে সংশ্লিষ্ট ফিস ফরমপূরণের ফি'এর সাথে স্বয়ংক্রিয়ভাবে যোগ হয়ে যাবে** (আলাদাভাবে রেজিস্ট্রেশন নবায়ন করার প্রয়োজন হবে না)। | -- |
| **ঙ** | যশোর শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) পাওয়া যাবে প্রতিষ্ঠানসমূহ যশোর বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে Institute Panel এ ক্লিক করে EIIN ও Password দিয়ে Login করলে Probable List পাওয়া যাবে। | ২৮-০২-২০২৬ |
| **চ** | প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে online এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে "সোনালী সেবার " মাধ্যমে ফিস জমা দানের তারিখ :<br>উল্লেখ্য, (ক) একই নামের একাধিক শিক্ষার্থী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।<br>(খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা সংরক্ষণ করতে হবে। | ০১-০৩-২০২৬<br>থেকে<br>১০-০৩-২০২৬ |
| **ছ** | পরীক্ষার্থী প্রতি ১০০/- (একশত টাকা) হারে বিলম্ব ফি সহ **"সেনালী সেবার"** মাধ্যমে ফিসের অর্থ জমা দেয়ার শেষ তারিখ : | ১১-০৩-২০২৬<br>হতে<br>১৮-০৩-২০২৬ |

অপর পাতায়-

| |
|---|
| **ফিসের যাবতীয় অর্থ জমাদান : পরীক্ষার্থী নির্বাচনের পর সম্ভাব্য তালিকার উপর থেকে পেমেন্ট বাটনে ক্লিক করতে হবে। এরপর পেমেন্ট স্লিপ অপশনে জমাকারীর নাম ও মোবাইল নম্বর দিয়ে পেমেন্ট বাটনে ক্লিক করলে সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ে আসবে। এবার সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফরমপূরণের ফি জমা করতে হবে।** |
| ফরমপূরণের ফিস জমাদনের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার পর Final Submit বাটনে ক্লিক করে Final Submit সম্পন্ন করতে হবে। নতুবা ফরমপূরণ সম্পন্ন হবে না এবং প্রবেশপত্র ইস্যু করা যাবে না। |

৬। **সোনালী ব্যাংকের সোনালী সেবার কপি ও পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ চূড়ান্ত প্রিন্ট আউট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন।**

৭। (ক) যে সকল কলেজে ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থী রয়েছে তাদের ০২ কপি তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী তৈরি করে এ বিজ্ঞপ্তি প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট হাতে হাতে জমা দিতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের ইংরেজি মাধ্যমে পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না।

**"ছক"**

| *ক্রমিক* | *বিভাগ* | *বিষয়ের নাম* | *বিষয় কোড* | *শিক্ষাবর্ষ* | *মোট পরীক্ষার্থীর সংখ্যা* |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৮। **<u>এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত</u> :**

(ক) যে সকল পরীক্ষার্থী ২০২৩, ২০২৪ ও ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৬ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **আংশিক বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না**। তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত প্রাইভেট পরীক্ষার্থীগণ ২০২৬ সালের এক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে তাদেরকে অনুচ্ছেদ ৫ (ঘ) মোতাবেক ৩০০/- (তিনশত) রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রদান করতে হবে।

(গ) <u>যে সকল পরীক্ষার্থী ২০২৩,২০২৪ ও ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়েছে অথবা, ২০২৩,২০২৪ ও ২০২৫ সালে এইচএসসি পরীক্ষায় ঐ এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিষ্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২৩,২০২৪ ও ২০২৫ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৬ সালের সকল/ এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।</u>

৯। **২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় ৪র্থ বিষয়ের সুবিধা সংক্রান্ত :**
পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-শিম/শা:১০/৭ পরীক্ষা-২(গ্রেডিং)/২০০২/৬১০, তারিখ : ০৪-০১-২০০৩ এর ১(ঞ) এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে ৪র্থ বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

১০ **রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্ত :**
(ক) ২০২১-২০২২ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনধারী কোন পরীক্ষার্থী ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০২০-২০২১ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
(খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল অধ্যক্ষকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১১। **<u>রেজিস্ট্রেশন নবায়ন সংক্রান্ত</u> :**

**(ক)** ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অনিয়মিত এবং প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা দুই বা ততোধিক বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারা কোন অবস্থাতেই রেজিস্ট্রেশন নবায়ন করে ২০২৬ সালে একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

**(খ)** যে সকল পরীক্ষার্থী ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার যে কোন এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং যে কোন কারণে তারা ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০২৫ সালে রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও ৩০০/- (তিনশত) টাকা নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে শুধু একবারের জন্য রেজিস্ট্রেশন নবায়নপূর্বক ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**(গ) ২০২৫ সালে রেজিস্ট্রেশন নবায়কৃত পরীক্ষার্থীর নবায়ন ফি বাবদ অর্থ ফরমপূরণের ফি এর সাথে স্বয়ংক্রিয়ভাবে গ্রহণ করা হবে বিধায় নবায়নকৃত পরীক্ষার্থীকে আলাদাভাবে নবায়ন ফি বাবদ অর্থ প্রদান করতে হবে না।**

**বি.দ্র.: আংশিক বিষয়ের পরীক্ষার্থী হিসেবে কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না এবং দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য থাকলে কখনই রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।**

১২। **জিপিএ উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

(ক) রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরের বছরেই এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে, সেহেতু যে সকল পরীক্ষার্থী ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় নির্ধারিত সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

(খ) যে সকল পরীক্ষার্থী এক/দুই বিষয়ে পরীক্ষা দিয়ে ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কখনই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১৩। **পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত :**

**নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশে কর্তৃক প্রণীত ২০২৬ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি এবং অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৫ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী সকল বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে।**

**অপর পাতায়-**

১৪। **<u>সকল প্রকার পরীক্ষার্থীর পরীক্ষার ফি এর হার নিম্নোক্ত ছকে দেয়া হলো :</u>**

| পরীক্ষার্থীর প্রকার | পরীক্ষার ফি (প্রতি পত্র/ বিষয়) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র আদায়কৃত) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী) | অনুমতি/ তালিকাভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | রোভার স্কাউট (প্রতি পরীক্ষার্থী) | গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | | ৭ | ৮ |
| নিয়মিত পরীক্ষার্থী | ১২৫/- | ২৫/- | ১০০/- | ১৫০/- | -- | -- | ২৫/- | ১৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১২৫/- | ২৫/- | ১০০/- | ১৫০/- | ১০০/- | -- | ২৫/- | ১৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১২৫/- | ২৫/- | ১০০/- | -- | ১০০/- | -- | ২৫/- | ১৫/- |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১২৫/- | ২৫/- | ১০০/- | ১৫০/- | -- | ১০০/- | ২৫/- | ১৫/- |
| প্রাইভেট পরীক্ষার্থী | ১২৫/- | ২৫/- | ১০০/- | ১৫০/- | -- | ১০০/- | ২৫/- | ১৫/- |

১৫। **(ক) <u>অন্যান্য ফি এর হার (যাদের ক্ষেত্রে প্রযোজ্য)</u> :**

১. রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ৩০০/- (তিনশত) টাকা মাত্র।

২. বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী ১০০/- (একশত টাকা)।

১৬। **<u>কেন্দ্র ফি সংক্রান্ত (এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে)</u> :**

(ক) এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় নেই) জন প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ টাকা)। (কেন্দ্র ফি থেকে ট্যাগ অফিসারের নূন্যতম সম্মানী ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ও যানবাহন/যাতায়াতসহ অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে।

(খ) এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় আছে) জন প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ টাকা) + ব্যবহারিক প্রতি পত্রের জন্য ২৫/- (পঁচিশ) টাকা)।

(গ) এইচএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ২০/- (বিশ টাকা)।

<u>ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পরপরই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ টাকা) এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ টাকা) হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আদায়কৃত ব্যবহারিক ফি হতে সংশ্লিষ্ট শিক্ষক/পরীক্ষক শিক্ষার্থী প্রতি ১৩/-টাকা এবং সংশ্লিষ্ট কেন্দ্র শিক্ষার্থী প্রতি ০৭/-টাকা পাবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না।</u>

**বি. দ্র. :** কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দিয়ে সংশ্লিষ্ট কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ তত্ত্বীয় এবং ব্যবহারিক, উভয় প্রকার পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। পরীক্ষা কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ সকল পরীক্ষা পরিচালনার ব্যয়ের ঘাটতি বিশেষ করে ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক দ্রব্যাদিসহ অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের ব্যয় বহন করবেন, এ ক্ষেত্রে বোর্ড কর্তৃক কোনরূপ অনুদান প্রদান করা হবে না। বোর্ড অফিস হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজসরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে। যে প্রতিষ্ঠানে যে বিষয়ে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে সংশ্লিষ্ট বিষয়ের ব্যবহারিক পরীক্ষার ফি উক্ত প্রতিষ্ঠান প্রাপ্ত হবে।

**আদায়কৃত কেন্দ্র ফি (ব্যবহারিক ফি ব্যতীত) হতে প্রত্যেক কলেজ ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের/ভেন্যুর ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে। ভেন্যু কেন্দ্রের পরীক্ষা পরিচালনার সকল প্রকার ব্যয়ভার মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বহন করবে। নিজ কলেজে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে, পরীক্ষার্থী ও বিষয়ের সংখ্যা অনুপাতে মূলকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কলেজকে ব্যবহারিকের নির্ধারিত ফি প্রদান করবেন।**

১৭। নিয়মিত শিক্ষার্থী প্রতি ফরম পূরণ ফি নিম্নলিখিত হারে নির্ধারণ করা হয়েছে :

| ক্রমিক | বিবরণ | বিজ্ঞান শাখা (৪র্থ বিষয়সহ) | মানবিক শাখা (৪র্থ বিষয়সহ) | ব্যবসায় শিক্ষা শাখা (৪র্থ বিষয়সহ) |
|---|---|---|---|---|
| ০১ | বোর্ড ফি | ২১৪০/- | ১৯৪০/- | ১৯৪০/- |
| ০২ | ব্যবহারিক ফি'সহ কেন্দ্র ফি | ৮৫৫/- | ৪৯৫/- | ৪৯৫/- |
| | সর্বমোট = | ২৯৯৫/- | ২৪৩৫/- | ২৪৩৫/- |
| **বিশেষ দ্রষ্টব্য : মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় কোন পরীক্ষার্থীর ৪র্থ বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে বর্ণিত ফি এর সাথে অতিরিক্ত ১৪০/- (একশত চল্লিশ) টাকা যোগ হবে এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় কোন পরীক্ষার্থীর নৈর্বাচনিক বিষয়ে ব্যবহারিক বিষয় প্রতি আরও ১৪০/- (একশত চল্লিশ) টাকা যোগ হবে।** | | | | |

১৮। **<u>পরীক্ষার ফি এবং ফরম বোর্ডে জমা দেয়ার নিয়মাবলি সংক্রান্ত</u> :**

(ক) পরীক্ষার যাবতীয় ফি **সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর** এর অনুকূলে কেবল সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে।

(খ) কোনক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মনি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারি চালান ইত্যাদিতে বোর্ডের ফি গ্রহণ করা হবে না।

(গ) এই বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনক্রমেই পরীক্ষার ফি বাবদ সোনালী সেবা ও অন্যান্য কাগজপত্র গ্রহণ করা হবে না।

১৯। **শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থীদের নিকট থেকে সর্বোচ্চ ২৪ মাসের টিউশন ফি আদায় করতে পারবে।**

২০। **২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশ পদ্ধতি সংক্রান্ত :** সকল প্রকার পরীক্ষার্থীর ফল নিম্নোক্ত গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

অপর পাতায়-

| লেটার গ্রেড | প্রাপ্ত নম্বরের শ্রেণি ব্যাপ্তি | গ্রেড পয়েন্ট |
|---|---|---|
| A + | 80 – 100 | 5.00 |
| A | 70 – 79 | 4.00 |
| A– | 60 – 69 | 3.50 |
| B | 50 – 59 | 3.00 |
| C | 40 – 49 | 2.00 |
| D | 33 – 39 | 1.00 |
| F | 00 – 32 | 0.00 |

২১। <u>অন্যান্য বিষয় সংক্রান্ত</u> :

(ক) অবৈধ রেজিস্ট্রেশন, বোর্ডের অনুমতি ছাড়া অবৈধভাবে কলেজ বদলি ও অভিযুক্ত হবার কারণে কোন শিক্ষার্থী পরীক্ষার্থী হলে সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এ ছাড়াও অন্য যে কোন ধরনের অবৈধ শিক্ষার্থীকে পরীক্ষায় অবতীর্ণ হবার অনুমতি দিলে সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

(খ) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০২৬ সালের এইচএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৪-০২-২০২৬

(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন: ০২৪৭৭৭৬২৭১৪
e-mail: controller@jessoreboard.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৫। জেলা প্রশাসক, যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৬। কলেজ পরিদর্শক/বিদ্যালয় পরিদর্শক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৭। মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, যশোর শিক্ষা বোর্ডের অধীন সকল উপজেলা
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
১২। জেলা শিক্ষা অফিসার, যশোর শিক্ষা বোর্ডের অধীন সকল জেলা
১৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, যশোর শিক্ষা বোর্ডের অধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান
১৪। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, যশোর শিক্ষা বোর্ডের অধীন সকল উপজেলা
১৫। সকল কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
১৬। সংরক্ষণ নথি

২৪-০২-২০২৬

(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন: ০২৪৭৭৭৬২৭১৪